

যুগান্তর

6 APR 2013  
১০

ঝালকাঠি ও বরগুনার পরীক্ষা  
কেন্দ্রে শিক্ষা প্রতিমন্ত্রীর  
ঝটিকা সফর

বরগুনা/ঝালকাঠি-প্রতিনিধি

শিক্ষা প্রতিমন্ত্রী জা.ন.ম. এছানুল হক মিলন গতকাল শনিবার ব্যক্তিগত উদ্যোগে হেলিকপ্টারে করে দক্ষিণাঞ্চলের ঝালকাঠি ও বরগুনা জেলার কয়েকটি পরীক্ষা কেন্দ্রে ঝটিকা সফর করেন। ঝালকাঠি সরকারি বালিকা বিদ্যালয় ও নেছারাবাদ মাদ্রাসা কেন্দ্রের পরীক্ষা সুন্দরভাবে সম্পন্ন হচ্ছে দেখে প্রতিমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। স্থানীয় পত্রপত্রিকায় নকল হচ্ছে- এ রিপোর্টের ভিত্তিতে প্রতিমন্ত্রী বরগুনার করুণা মোকামিয়া মাদ্রাসার পরীক্ষা কেন্দ্রে আকস্মিক পরিদর্শনে যান। এই কেন্দ্রে নকলের অভিযোগে প্রতিমন্ত্রী ৫ ঘণ্টা এবং নকলে সহযোগিতার জন্য তিন শিক্ষক ও কেন্দ্র সচিব ফেরদৌস হাসানকে পুলিশে সোপর্দ করেন। পরীক্ষাকারীরা দায়িত্ব পালনকালে মূল্যবী কলেজ কেন্দ্রের শিক্ষক সফিকুল ইসলাম সন্ত্রাসীদের হাতে আহত হওয়ায় প্রতিমন্ত্রী তার চিকিৎসার জন্য ১০ হাজার টাকা প্রদান করেন। তিনি কাদিরচর মাধ্যমিক স্কুলের শিক্ষক। প্রতিমন্ত্রী বাকেরগঞ্জের সরকারি হাইস্কুল কেন্দ্রে পরিদর্শন করেন।